

## প্রাথমিক ও মাধ্যমিক স্তরে কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক হবে

শিক্ষামন্ত্রী

### যুগান্তর রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রাথমিক ও মাধ্যমিক স্তরে কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক করা হবে। প্রবন্ধের মধ্যে হলও এ জ্ঞান ছাত্রীদের দেয়া হবে। তার কারণ দেশের ভবিষ্যৎ অর্থনৈতিক সমৃদ্ধি তথাপ্রযুক্তির ওপর নির্ভর করছে। এজন্য নতুন প্রজন্মের কাছে তথাপ্রযুক্তির জ্ঞান পৌঁছে দিতে হবে। শিক্ষানীতিতেও এ বিষয়টি ওরুন্ড দেয়া হবে।

সোমবার সকালে রাজধানীর নীলক্ষেতের তথ্য ও পরিসংখ্যান শিক্ষা দুরোত্তে (ব্যানবেইস) ইউনেস্কো, ইউনেস্কো এবং স্পেনের উন্নয়ন সংস্থার সহযোগিতায় আয়োজিত শিক্ষায় তথাপ্রযুক্তি ব্যবহারের জন্য সক্ষমতা বৃদ্ধি বিষয়ক ৩৮ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোজাম্মেল হকের সভাপতিত্বে অনুষ্ঠানের মধ্যে ইউনেস্কো ঢাকার প্রতিনিধি মাল্যমা মেলেনি, স্পেনের বাস্তুদূত আরতিভেরা পেরেজ মাটিনেজসহ অনেক উপস্থিত ছিলেন। ৩০ জনেরও বেশি সরকারি ও বেসরকারি সংস্থার নীতিনির্ধারক ও পরিকল্পনাবিদ এতে অংশ নিচ্ছেন।

প্রধান অতিথির বক্তব্যে নুরুল ইসলাম নাহিদ বলেন, বর্তমানে সমাজের উন্নয়নের মূল চালিকাশক্তি হল তথাপ্রযুক্তি। আর ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়তে হলে সর্বত্র তথাপ্রযুক্তির ব্যবহার অপরিহার্য।

শিক্ষামন্ত্রী বলেন, ৭০০ কুলে কম্পিউটার দেয়া হচ্ছে। জামামা পদ্ধতিতে কম্পিউটার ধারণা দেয়া হবে। প্রাথমিকভাবে সবাইকে কম্পিউটার নিতে না পারলেও প্রবন্ধের মাধ্যমে হলও তথাপ্রযুক্তির জ্ঞান দিতে হবে।